গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২৩৯-আইন/২০২৬/৬৯/কাস্টমস।– সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ মোতাবেক ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৮৭-আইন/২০২৬/৪২/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading-

(ক) 84.81 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code 8481.80.90 এবং উহার বিপরীতে কলাম (3) তে বর্ণিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ H.S. Code 8481.80.90 এবং উহার বিপরীতে কলাম (3) তে বর্ণিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“8481.80.90	Ball valve, butterfly valve, gate valve, piller hydrant, Y-strainer
8481.80.90	Motorized fire & smoke damper”।

(খ) 84.84 এবং উহার বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com